চুয়াডাঙ্গার বাচ্চু মিয়ার অভিনব ফাঁদে নিঃস্ব অনেক পরিবার

চুয়াডাঙ্গা জেলার দিননাথপুর গ্রামের ইয়াকুব আলীর ছেলে বাচ্চু মিয়ার অভিনব কায়দায় ফাঁদ পেতে অর্থ আত্মসাৎ, প্রতারণা করে জমি হাতির নেওয়া সহ একাধিক অভিযোগ উঠেছে । তার ফাঁদে পা দিয়ে অনেক পরিবার এখন নিঃস্ব হয়ে পড়েছেন বলে অভিযোগ রয়েছে।

মাখালডাঙ্গা গ্রামের নয়ন মিয়ার এক বিঘা জমি ক্রয় করতে গিয়ে সুকৌশলে দশ বিঘা জমি রেজিস্ট্রি করিয়ে নেয় বাচ্চু মিয়া।

চুয়াডাঙ্গা দিননাথপুর আব্দুল মান্নানের ছেলে সোহাগ মিয়ার সাথে হাওলাদের টাকা নেওয়ার চুক্তিপত্র দলিল করে বাচ্চু মিয়া জমি কিনে দেবে বলে সুকৌশলে হাতিয়ে নেয় চৌদ্দ লক্ষ পঞ্চাশ হাজার টাকা। আাঠারো মাসের মধ্যে টাকা দেওয়ার কথা থাকলেও আট বছর পার হলেও এখন পর্যন্ত টাকা পরিশোধ করে নাই বাচ্চু মিয়া । টাকার পরিবর্তে মিথ্যা আশ্বাস দিয়ে জমি দিচ্ছে দিব বলে বছরের পর বছর সময় পার করে আসছেন তিনি।

এই বিষয়ে সোহাগ মিয়া ঢাকার বিজ্ঞ জজ আদালতে একটি প্রতারণার মামলা করেন। মামলাটি রায়ের অপেক্ষায় আছে। অন্যদিকে বাচ্চু মিয়ার নামে অন্য একটি প্রতারণা মামলা রয়েছে মামলা নং ৯৮২/১৮। শুধু সোহাগ মিয়া আর নয়ন মিয়া নয় এমন একাধিক জমি হাতিয়ে নেওয়া প্রতারণা এবং অর্থ আত্মসাতের মামলা চলমান রয়েছে বাচ্চু মিয়ার নামে।

চালু হলো দর্শনা-গেদে

আন্তজার্তিক চেকপোস্ট

দীর্ঘ তিন বছর বন্ধ থাকার পর অবশেষে চালু হলো দর্শনা আন্তজার্তিক গেঁদে চেকপোষ্ট।

মঙ্গলবার ভারতীয় হাইকমিশনার সাক্ষরিত বাই রোড গেঁদে ভিসার অনুমোদন দিয়েছে রাজশাহী বিভাগের দায়িত্বে থাকা ভারতীয় হাইকমিশনার। এ রুট দিয়ে ভিসা অনুমোদনের অনুমতি পান আরবী তাহমিদ খন্দকার নামের এক মেডিকেল যাত্রী।

দর্শনা চেকপোষ্টের ইনচার্জ এসআই আবু নাইম শেখ জানান, আমরা শুধু মাত্র জানতে পেরেছি এ বন্দর দিয়ে শুধুমাত্র জরুরী মেডিকেল ভিসার যাত্রীদের যাতায়াতের জন্য ভিসা চালু করেছে। তবে অন্য যাত্রীদের যাতায়াতের ক্ষেত্রে কোন ম্যাসেজ আমাদের জানানেই। তবে পুরোপুরি চালু হলে কষ্ট লাগব হবে। হাজার হাজার মানুষের দু’দেশের বন্ধন আরো সুদৃঢ় হবে।

মহামারী করোনা সংক্রমণ দেখা দেয়ায় ২০২০ সালের ২৬ মার্চ দর্শনা আন্তর্জাতিক রেলবন্দরের মাধ্যমে ভারতীয় মালামাল আমদানি এবং স্থলপথে ভারত-বাংলাদেশের মধ্যে ট্যুরিস্টসহ সকল ভিসার পাসপোর্ট যাত্রীদের যাতায়াত পুরোপুরি স্থগিত করে দেয়। সেই থেকে দর্শনা আন্তজার্তিক চেকপোষ্ট বন্ধ হয়ে যায়।

এই আন্তজার্তিক চেকপোষ্ট বন্ধ হওয়ার কারনে প্রায় ভোগান্তিতে পড়ে ১৫/২০ জেলার মানুষ।সব শেষে গত বছরের ২৯ মে ঢাকা-কলকাতা মৈত্রী এক্সপ্রেস দর্শনা আন্তর্জাতিক রেল স্টেশনের মাধ্যমে চলাচল শুরু করলেও অদ্যবদি দর্শনা-গেদে স্থলপথে বাংলাদেশীদের জন্য ট্যুরিস্ট ভিসা চালু হয়নি। তবে পুরোপুরি চেকপোষ্টটি চালু হলে লাভবান হবে সরকার।

চাহিদা থাকলেও বরাদ্দ না থাকায় চিনি সরবরাহ বন্ধ

দর্শনাসহ জেলায় ব্যাপক চিনি সংকট দেখা দিয়েছে।কেরুজ উৎপাদিত চিনি বাজারে সরবরাহ বন্ধ থাকায় ক্রেতারা পাচ্ছেনা কেরুজ চিনি।

স্থানীয় বাজারে বিএসএফআইসির তালিকাভুক্ত ৬জন পরিবেশক রয়েছে। তাদের কাছে চিনি সরবরাহ বন্ধ রেখেছে মিল কতৃপক্ষ।ফলে স্থানীয় বাজারে কেরুজ চিনি পাওয়া যাচ্ছে না।ফলে বাধ্য হয়ে রিফাইনারি মিলের চিনি কিনতে হচ্ছে।হাতের কাছে চিনিকল থাকলেও সেই মিলের চিনি থেকে বঞ্চিত হচ্ছে এলাকাবাসি।বাজারে চাহিদা থাকলেও সরবরাহ না থাকায় ক্ষোভ প্রকাশ করেছেন এলাকাবাসি।

স্থানীয় পরিবেশক আঃ খালেক জানায়, চিনিকল থেকে চিনি বরাদ্দ না দেওয়ায় বাজারে চিনির সংকট দেখা দিচ্ছে।

কেরু এ্যান্ড কোম্পানীর মহাব্যবস্থাপক (কারখানা) জানান,গত ২২-২৩ মাড়াই মৌসুমে ৫৩ হাজার ৬৯২ দশমিক ৮৮৫ মেঃটন আখ মাড়াই করে ৩ হাজার ২৩ দশমিক ৫০ মেঃটন চিনি উৎপাদিত হয়েছে।

কেরুজ ব্যাপস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন জানান, উৎপাদিত চিনি সেনাবাহিনী, বিজিবি,পুলিশ,আনসারসহ সরকারী দপ্তরে চাহিদা মতো সরবরাহ করা হচ্ছে।

চিনিকলের শ্রমিক-কর্মচারিদের মাঝে রেশন হিসেবে প্রতিমাসে ৫ মেঃটন চিনি বিক্রি করা হয়। ফলে স্থানীয় পরিবেশকদের ঠিকমতো চিনি দেওয়া সম্ভব হচ্ছেনা।

আলমডাঙ্গায় ৩দিন ব্যাপি কৃষি

প্রযুক্তি মেলার উদ্বোধন

আলমডাঙ্গা উপজেলা প্রশাসন ও কৃষি অফিসের উদ্যোগে ৩দিন ব্যাপি কৃষি প্রযুক্তি মেলার উদ্বোধন করা হয়েছে। আজ মঙ্গলবার কৃষি অফিস প্রাঙ্গণে এ মেলার উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা কৃষি বিভাগের উপ-পরিচালক বিভাষ চন্দ্র সাহা।

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা,সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার,পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন, জেলা সার সমিতির সভাপতি আলহাজ্ব মীর মহিউদ্দিন।

উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানার উপস্থাপনায় স্বাগত বক্তব্য রাখেন,উপজেলা কৃষি অফিসার হোসেন শহীদ সোহরোয়ার্দি। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন,বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব শেখ নুর মোহাম্মদ জকু,বীর মুক্তিযোদ্ধা মইনদ্দিন পারভেজ,উপজেলা কৃষি অফিসের অতিরিক্ত কৃষি অফিসার রেহেনা পারভীন,বড় বোয়ালিয়া গ্রামের কৃষক আব্দুর রাজ্জাক প্রমুখ।

আলমডাঙ্গার খাসকররায় ১৬ বছরে কিশোরীসহ ৪ জনকে কুপিয়ে জখম

আলমডাঙ্গার খাসকররায় বসতবাড়িতে ঘর তৈরিকে কেন্দ্র করে ১৬ বছরের কিশোরীসহ ৪ জনকে কুপিয়ে রক্তাক্ত জখম করেছে।

আজ মঙ্গলবার (৭ ফেব্রুয়ারি) রাত সাড়ে আটটার দিকে উপজেলার খাসকররা গ্রামের উত্তরপাড়ায় এ ঘটনাটি ঘটে।

আহত ব্যাক্তিরা হলেন সদর উদ্দিনের ছেলে আব্দুল ওদুদ (৪৫), স্ত্রী পারভিনা খাতুন (৪০) ,মেয়ে বর্ষা খাতুন (১৬),মঙ্গল মন্ডলের ছেলে তহিদুল (৫৫)।

স্থানীয় সূত্রে জানাযায়, উপজেলার খাসকররা গ্রামের আবুল কাশেমের ছেলে সোহেলের সাথে দীর্ঘদিন বাড়ির জমি নিয়ে ওদুদের বিরোধ চলে আসছে। তারা সম্পর্কে আপন চাচা-ভাতিজা।

আজ মঙ্গলবার রাতে চাচা ওদুদের সাথে সোহেলের ঘর নির্মাণকে কেন্দ্র করে তর্কবিতর্ক সৃষ্টি হয়। এসময় সোহেল ও চাচাতো ভাই মোতালেবের ছেলে রাকিব ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে ওদুদকে রক্তাক্ত জখম করে।

ওদুদের চিৎকারে তার স্ত্রী পারভিনা খাতুন ও মেয়ে বর্ষা ঠেকাতে গেলে তাদের উপরেও হামলা করে। এসময় চাচা তহিদুল ঠেকাতে গেলে তাকেও কুপিয়ে রক্তাক্ত জখম। স্থানীয়রা তাদের উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে।

এঘটনায় আলমডাঙ্গা থানার ওসি সাইফুল ইসলাম জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। থানায় মামলা দায়ের করলে পরবর্তীতে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

দামুড়হুদা ডুগডুগী বাজারে পল্লী বিদ্যুৎতের ৩টি ট্রান্সফার্মা চুরি

দামুড়হুদা ডুগডুগী বাজারে শাকিল রাইচ মিলের সংযোগকৃত পোলের প্রায় আড়াই লক্ষ টাকা মূল্যের ৩টা ট্রান্সফার্মা চুরি হয়েছে।

মঙ্গলবার আনুমানিক রাত ৮টা থেকে ভোর ৫টার মধ্য সময়ে চুরি হয় বলে জানাগেছে। শাকিল উপজেলার লোকনাথপুর বাস স্ট্যান্ড পাড়ার মৃত মজিবর রহমানের ছেলে।

সরজমিনে স্থানীয় সুত্রে জানাযায়, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ডুগডুগী গ্রামের গোরস্তানের অদূরে দামুড়হুদা দর্শনা মহাসড়কের পাশে শাকিল রাইচমিলের পল্লী বিদ্যুতের সংযোগকৃত দর্শনা- ২বি ৫২০৩০১ নং পোলের প্রায় আড়াই লক্ষ টাকা মূল্যের ৩টা

ট্রান্সফার্মা চুরি করে নিয়ে যাই চোরের দল।

পোল থেকে ট্রান্সফার্মার হেঙ্গারের হ্যাজবল খুলে নিচে মাটিতে নামিয়ে ট্রন্সফর্মার ভেতরে থাকা তামা ও তেল নিয়ে পালিয়ে যাই তারা। এসময় ট্রন্সফর্মার ক্যাচিং ও ভিতরে থাকা টিনের কোর ফেলে গেছে। চুরির সময় ট্রন্সফর্মায় দড়ি বেঁধে নিচে নামিয়েছে। প্রতিটি ট্রন্সফর্মার মূল্য ৭৫ হাজার ৮শত ৫০ টাকা।

সকাল ৭টার দিকে রাইস মিলের হেলপার মনিরুল ইসলাম মিলটি খোলে। তখন বিদ্যুৎ ছিল না। সে মনে করেছিল হয়তো বিদ্যুৎ চলে গেছে। এরপর সকাল ৮টার দিকে রাইচ মিলের মিস্ত্রি দর্শনা আজিমপুরের শ্রী ঈশ্বর অরুন চন্দ্র বিশ্বাস এর ছেলে শ্রী উত্তম চন্দ্র রাইস মিলে প্রতিদিনের ন্যায় কাজ করতে আসে। এসে দেখে বিদ্যুৎ নাই। সেও ভেবেছিল হয়তো বিদ্যুৎ চলে গেছে। সকাল সাড়ে ৯টার দিকে লোকনাথপুর গ্রামের রাসেল শাহ্’র মাধ্যমে প্রথম জানতে পারে সংযোগকৃত বৈদ্যুতিক পোলের ৩টি ট্রান্সফরমা চুরি হয়ে গেছে। খবরপেয়ে দামুড়হুদা মডেল থানা পুলিশ এবং পল্লী বিদ্যুতের দর্শনা অফিসের লোকজন ঘটনাস্থল পরিদর্শন করেন।

দর্শনা পল্লী বিদ্যুৎ অফিসের লাইন ম্যান ইমরান হোসেন বলেন, এটা পরিকল্পিত চুরি। আমরা ঘটনাস্থল পরিদর্শন করেছি। মেন লাইনের কাটাউট খুলে সংযোগ বন্ধ করে এই চুরি করেছে। ট্রন্সফর্মারের হেঙ্গারের হ্যাজবল খুলে নিচে মাটিতে নামিয়ে ট্রন্সফর্মার ভেতর থেকে টিনের কোর খুলে কপারগুলো বা তামাগুলো নিয়ে পালিয়ে গেছে। ট্রন্সফর্মার ক্যাচিং এর ভেতর যে তেল থাকে সেটাও নিয়ে গেছে। বাদবাকি সব ফেলে থুয়ে গেছে। মুলত কপার অর্থাৎ তামা এবং তেল চোরেরদল নিয়েগেছে। ট্রন্সফর্মার ৩টা খুলতে আনুমানিক তাদের প্রায় ৪৫ মিনিট সময় লাগতে পারে। ৩টি ট্রন্সফর্মার মধ্যে ২টা টিএস কোম্পানির এবং ১টা কনফিডেন্স কোম্পানির।

শাকিল রাইচ মিলের স্বত্বাধিকারী শাকিল আহসান বিদেশে থাকায় রাইচ মিলটি দেখাশুনার ও দায়-দায়িত্বে আছে শকিলের স্ত্রী’র ভাই জয়রামপুর গ্রামের মোস্তফা কামালের ছেলে তানভীর রহমান।

তিনি বলেন, রাইস মিলটি চালু করার জন্য জমি থেকে শুরু করে পল্লী বিদ্যুতের সংযোগ নেওয়া পর্যন্ত প্রায় ২২ লক্ষ টাকা খরচ হয়েছে। এর মধ্যে পল্লী বিদ্যুতের পোল এবং ট্রন্সফর্মা কেনা হয়েছে। এখন নতুন করে ট্রান্সফরমা বসাতে গেলে প্রায় আড়াই লক্ষ টাকা খরচ হবে।

প্রতিটা ট্রান্সফরমা ছিল ১৫ কেভির। রাইস মিলটিতে বিদ্যুৎ সংযোগ না থাকা এবং নতুন করে ট্রান্সফরমা না বসানো পর্যন্ত আপাতত বন্ধ থাকবে মিলটি। এখানে মিস্ত্রি হেল্পার সহ মোট তিনজন লোক কাজ করে।

দর্শনা পল্লীবিদ্যুৎ অফিসের জুনিয়র ইন্জিনিয়ার ওমর ফারুক ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, ডুগডুগী শাকিল রাইচ মিলের বিদ্যুৎ সংযোগকৃত পোল থেকে ৩টা ট্রান্সফরমা চুরি হয়ে গেছে। যদি প্রথমবার চুরি হয় তাহলে গ্রাহকের অর্ধেক মূল্য পরিশোধ করলে নতুন করে ট্রান্সফর্মা দেওয়া হয়। আর যদি ২য় বার চুরি হয় তাহলে সম্পূর্ণ মূল্য পরিশোধ করে ট্রান্সফরমা নিতে হয়। এখন তাদের প্রথমবার চুরি হয়েছে কিনা এটা আমার জানা নেই ফাইল পত্র দেখতে হবে।

আমাদের দর্শনা পল্লী বিদ্যুৎ অফিসের পক্ষ থেকে আগামীকাল বুধবার দামুড়হুদা মডেল থানায় একটা এফআইআর করা হবে। যে ট্রান্সফরমা গুলো চুরি হয়েছে তার প্রতিটির ওজন আনুমানিক ১৩৫কেজি হবে। এর মধ্যে ৩৫কেজি তেল থাকে। তবে যারাই এধরণের দুঃসাহসিক চুরির কাজ করে তারা খুব বেশী দামে এসব বিক্রয় করতে পারেনা। ট্রান্সফরমার মধ্যে যে তেল থাকে সেটা ট্রান্সফরমার কাজে ছাড়া ব্যাবহার হয়না। কেউ যদি আগুন ধরানোর কাজে ওই তেল ব্যাবহার করে তাহলে করতে পারে। মূলত ট্রান্সফরমার কাজে ছাড়া ওই তেল ব্যাবহার হয়না।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার ইন্সপেক্টর অপারেশন সফিউল আলম বলেন, বিষয়টি জানার পরে ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে, আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন।

দর্শনা কেরুজ চিনিকলের কৃষি খামারে বীজ আখ কাটার পরিদর্শন,

চেয়ারম্যান অপু

দর্শনা কেরুজ চিনিকলের কৃষি খামারে আধুনিক পদ্ধতিতে হারভেষ্টার মেশিন দিয়ে বীজ আখ কর্তন কাজ পরিদর্শন করেছে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের চেয়ারম্যান আরিফুর রহমান অপু।

আজ মঙ্গলবার (৭ ফ্রেব্রয়ারি) দুপুর ১টার দিকে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কেরুজ আকন্দবাড়িয়া কৃষি খামারে হারভেষ্টার মেশিন দিয়ে বীজ আখ কর্তন কাজের পরিদর্শন করেন।এবং সাংবাদিকদের সাথে প্রেস ব্রিফিং করে।

এ সময় বাংলাদেশ চিনি ও খাদ্যশিল্প করপোরেশনের চেয়ারম্যান আরিফুর রহমান অপু বলেন বর্তমান সরকার কৃষি বান্ধব সরকার। তাই কৃষিতে বিল্পব আনতে নানা কর্মসূচি বাস্তবায়ন করে চলেছেন। এ মেশিনটি ইন্ডিয়া গুজরাটের টারর্বো এগ্রো টেকনোলজি লিমিটেড কোম্পনীর তৈরী। আমরা পরীক্ষা মৃলক চাল্লাচ্ছি। এ হারভেষ্টার মেশিন দিয়ে আখ কর্তন করলে মাটির নীচ থেকে আখ কাটা হচ্ছে আমরা একর প্রতি ৫ টন আখ বেশি পাবো।
এ হারভেষ্টার মেশিনে একদিকে লেভার সংকট থেকে মুক্তি পাবো অপরদিকে সময় কম লাগবে। যার ফলে চিনির আহরনের সক্ষমতা বেড়ে যাবে। ফলে এ হারভেষ্টার মেশিন দিয়ে আখ কাটলে চিনির আহরনও বেশি পাবো।তাই আগামীতে আমরা হারভেষ্টার দিয়ে আখ কাটার পরিকল্পনা হাতে নিয়েছি।আগামীতে চাষীরা বেশি করে আখ লাগায় সেজন্য আমরা আখের মৃল্যে টন প্রতি ৫ থেকে ৬ হাজার টাকা করার চিন্তা করছি।আগামীতে কেরুজ চিনিকলটি ঘুরে দাঁড়াবে সেজন্য আমরা কাজ করে যাচ্ছি। এ হার্ভেষ্টার মেশিনটি সদর দপ্তর কিংবা চিনিকলের টাকায় কেনা না। শিল্পমন্ত্রনালয়ের সচিব মহাদয়ের একান্ত উদ্যোগে মেশিনটি বাংলাদেশে নেওয়া হয়েছে।

এ বীজ আখ পরিদর্শন অনুষ্ঠানের সভাপতিত্ব করেন দর্শনা কেরু এ্যান্ড কোম্পানী বাংলাদেশ লিমিটেডের পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন।এ সময় আরও উপস্থিত ছিলেন কেরুজ চিনিকলের মহাব্যাবস্হাপক অর্থ মুহাম্মদ সাইফুল ইসলাম,কেরুজ চিনিকলের মহাব্যবস্থাপক (কৃষি) আশরাফুল আলম ভুইয়া, ব্যবস্থাপক (খামার) সুমন কুমার সাহা,মাহাব্যবস্থাপক দেলোয়ার হোসেন, ব্যবস্থাপক (পরিঃপ্রকৌঃ) আবু সাঈদ, আবু তালহা।

চুয়াডাঙ্গায় বাংলা ইশারা ভাষা দিবস উপলক্ষে হুইল চেয়ার বিতরণ

বাংলা ইশার ভাষার প্রচলন বাক ও শ্রবণ প্রতিবন্ধী ব্যাক্তির জীবনমান উন্নয়ন এই প্রতিপাদ্য সামনে রেখে চুয়াডাঙ্গায় বাংলা ইশারা ভাষা দিবস উপলক্ষে হুইল চেয়ার বিতরণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে মঙ্গলবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) নাজমুল হামিদ রেজার সভাপতিত্বে বাংলা ইশারা ভাষা দিবস ও হুইল চেয়ার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন,ভাষা আন্দোলনের মাসে বাংলা ইশারা ভাষা দিবস উদযাপন অত্যন্ত তাৎপর্যপূর্ণ। সবক্ষেত্রে বাংলা ইশারা ভাষার ব্যবহার এবং শ্রবণ প্রতিবন্ধী, বুদ্ধি প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধীদের প্রতি বিশেষ নজর দেওয়ার প্রতি আহ্বান জানান তিনি। জেলায় বাংলা ইশারা ভাষা প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য উদ্যোগ নেওয়া হচ্ছে বলে জানান তিনি।

আলোচনা সভা শেষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও ইশারা দিবসের প্রধান অতিথি মোহাম্মদ আমিনুল ইসলাম খান প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ করেন।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক সিদ্দিকা সোহেলী রশিদ, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ মুছাবেববুজ্জামান, চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের নেজারত ডেপুটি কালেক্টর সাদাত হোসাইন সহ জেলা প্রশাসকের কর্মকর্তা ও জেলা সমাজসেবা কার্যলয়ের কর্মকর্তা বৃন্দ উক্ত আলোচনা সভায় উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় জলাতঙ্ক রোগ নির্মূলে অবহিতকরণ সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় জলাতঙ্ক রোগ নির্মূলে কুকুরের টিকাদান কার্যক্রম বাস্তবায়নে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বেলা সাড়ে ১১ টার দিকে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কন্ফারেন্স রুমে

স্বাস্থ্য অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ শাখার উদ্যোগে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়।

এসময় স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ স্বাস্থ্য অধিদপ্তর রোগ নিয়ন্ত্রণ শাখার প্রোগ্রাম অফিসার আমজাদ হোসাইন। সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: হেলেনা আক্তার নিপা।

এ ছাড়ার উপস্থিত ছিলেন উপজেলা প্রাণিসম্পদ ডা: তাছলিমা খাতুন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা: ফারহানা ওয়াহিদ তানী, দামুড়হুদা উপজেলা ভেটেরিনারি সার্জন ডা: নাজমুল হাসান শাওন, জুড়ানপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, দর্শনা পৌরসভার ভারপ্রাপ্ত মেয়র রবিউল হক সুমন, কার্পাসডাঙ্গা ইউপি সদস্য মনিরুজ্জামান, উপজেলা স্বাস্থ্য পরিদর্শক কামাল উদ্দিন, ইপিআই টেকনিশিয়ান ফারুক আহমেদ, পরিসংখ্যানবিদ শাহজাহান হোসেনসহ অন্যান্য অতিথিবৃন্দ।

সভায় আগামি ১০ থেকে ১৪ ফেব্রুয়ারী ৫ দিনব্যাপি দামুড়হুদা উপজলায় পোষা ও বেওয়ারিশ কুকুরের জলাতঙ্ক প্রতিষেধক টিকা প্রদান কার্যক্রম পরিচালিত হবে বলে জানান সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন দামুড়হুদা উপজেলা সেনেটারী ইন্সেপক্টর জামাত আলী।

দামুড়হুদায় যুব ও সামাজিক নেতৃবৃন্দের ভূমিকা বিষয়ে সংলাপ অনুষ্ঠিত

দামুড়হুদায় শিক্ষা ও সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে দরিদ্র জনগনের অধিকার আদায়ে যুব ও সামাজিক নেতৃবৃন্দের ভূমিকা বিষয়ে সংলাপ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বেলা ১টার দিকে ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় দামুড়হুদা দর্শনা হঠাৎপাড়ায় ওয়েভ ফাউন্ডেশন ট্রেড ট্রেনিং সেন্টারে উক্ত সংলাপ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

এসময় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা মেডিকেল অফিসার মকলেছুর রহমান,দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সহ-সাধারন সম্পাদক হানিফ মন্ডল, অধ্যক্ষ ট্রেড ট্রেনিং সেন্টার দর্শনা অফিস আব্দুস সালাম, ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী আনিসুর রহমান, সিনিয়র প্রোগ্রাম অফিসার আব্দুল আলীম সজল, সাইফুল ইসলাম, দামুড়হুদা উপজেলা লোকমোর্চার দপ্তর সম্পাদক ইউনুস আলী, পরিবেশ বিষয়ক সম্পাদক মোজাম্মেল শিশির, হাউলী ইউনিয়ন লোকমোর্চার সাধারণ সম্পাদক মজিবার রহমান, সহ-সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, নির্বাহী সদস্য টিপু সুলতান, প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেন প্রমূখ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ।